## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম-এ বর্তমানে ০৪ টি ক্রীড়া বিভাগ চালু রয়েছে। এসব ক্রীড়া বিভাগরে প্রশিক্ষণার্থীগন স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিকেএসপি বিগত ২০১৯-২০ সেশনে বিসিবি কর্তৃক আয়োজিত অনুর্ধ-১৪ জাতীয় ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। ২০২১-২২ বিকেএসপি স্কোয়াশ দল ৩ টি প্রতিযোগিতায় অংশগ্রহন করে ও ২টি তে চ্যাম্পিয়ন ও ২টি তে রানার্স অ্যাপ হয় এবং বিকেএসপি চট্টগ্রামে অনুষ্ঠিত বঙ্গবন্ধু বিকেএসপি কাপ কাবাডি প্রতিযোগিতা-২০২১ এ বিকেএসপি লাল দল বিজয়ী হয়। ২০১৯ সালে অনুষ্ঠিত জেএসসি পরীক্ষায় ০৪ জন ‘এ’, ০৪ জন ’এ-’ এবং ০২ জন ‘বি’ গ্রেড এ উত্তীর্ণ হয়েছে। উন্নয়ন প্রকল্পের অধীনে ২০১৯ সালে ২৫০ জন প্রশিক্ষণার্থীকে বিজ্ঞান ভিত্তিক স্বল্পমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরে করোনা মহামারীর কারনে প্রশিক্ষণ ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ সম্ভব না হলেও Zoom meeting এর মাধ্যমে ৬১ জন প্রশিক্ষণার্থীর পাঠদান কার্যক্রম অব্যাহত থাকে। ২০২১-২২ অর্থবছরে ৫টি শ্রেণিতে ৫৪ জন প্রশিক্ষণার্থীকে পাঠদান করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রম সফলভাবে পরিচালনা করার ক্ষেত্রে মাঠ ও স্থান স্বল্পতা রয়েছে। ভর্তিকৃত আবাসিক প্রশিক্ষণার্থীদের যথাযথ জরুরি চিকিৎসাসেবা প্রদানে কিছু সমস্যা রয়েছে। তৃণমূল পর্যায় থেকে মেধাবী ও প্রতিভাবান খেলোয়াড় বাছাই কার্যক্রমে প্রয়োজনীয় জনবল ও যানবাহনের অভাবে যথাযথভাবে সম্পন্ন করা কঠিন হয়ে পড়ে। ক্রীড়া ক্ষেত্রে প্রান্তিক পর্যায়ে অস্বচ্ছল, গরীব ও অশিক্ষিত পরিবারের অধিকাংশ ক্রীড়া মেধা সম্পন্ন প্রশিক্ষণার্থী ভর্তি হয়। যাদের মধ্যে বেশিরভাগেরই অপুষ্টিজনিত সমস্যা রয়েছে। এছাড়া পারিবারিক আর্থিক অস্বচ্ছলতার জন্য দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ সমাপ্ত না করেই প্রশিক্ষণার্থীদের একটি অংশ অন্যত্র চলে যায়।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিশ্বমানের ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিকেএসপি’কে সেন্টার অব এক্সিলেন্স-এ গড়ে তোলার প্রয়াসে চট্টগ্রাম আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা করা হবে। বিজ্ঞান ভিত্তিক ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে আরো অধিক পরিমানে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরি করা হবে। অধিক হারে আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরির লক্ষ্যে নিয়োজিত প্রশিক্ষক, শিক্ষক ও সহায়ক কর্মকর্তা-কর্মচারীগণকে দেশ ও বিদেশে উন্নত ও আধুনিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি করা হবে এবং প্রশিক্ষণার্থী সংখ্যাও বৃদ্ধি করা হবে। এছাড়া তৃণমূল পর্যায় থেকে প্রতিভা অন্বেষণ কার্যক্রম উপজেলা পর্যায়ে সম্প্রসারণ করে অধিকতর দক্ষ ও মেধা সম্পন্ন প্রতিভাবান প্রশিক্ষণার্থী বাছাই করে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। বিকেএসপি’র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রকে এইচএসসি পর্যায়ে উন্নীতকরেণের মাধ্যমে স্বয়ংসম্পূর্ণ ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে গড়ে তোলারও পরিকল্পনা রয়েছে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিকেএসপিতে দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের জন্য নির্ধারিত শূন্য আসনের মধ্যে তৃণমূল পর্যায়ের স্বল্প মেয়াদী প্রশিক্ষণ ক্যাম্প থেকে ৮০% ভর্তি করার পদক্ষেপ বাস্তবায়নের জন্য সহযোগিতা করা। জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের পাশাপাশি পূর্ববর্তী বছরের চেয়ে ভাল ফলাফল অর্জন করা।
- স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ এবং বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগীতায় অংশগ্রহণের মাধ্যমে সফলতা অর্জন করা।
- দেশ ও জাতি, প্রাতিষ্ঠানিক এবং ব্যক্তি পর্যায়ে সুনাম ও সফলতা অর্জন।

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও স্বল্প মেয়াদী (৩ মাস) প্রশিক্ষণ প্রদান | [১.১.১] স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়ের সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | খেলোয়াড়দের নামের তালিকা |
| [১.২] দীর্ঘমেয়াদী (৬-৯ বছর) প্রশিক্ষণ প্রদান | [১.২.১] প্রশিক্ষিত খেলোয়াড়ের সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | খেলোয়াড়দের নামের তালিকা |
| [২.১] মসজিদ নির্মান ও স্কোয়াশ কোর্ট নির্মান | [২.১.১] নির্মানের সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | কার্যাদেশ/প্রতিবেদন |
| [২.২] প্রশাসন ভবনের সংস্কার (উপপরিচালকের দপ্তরে টাইলস স্থাপন) | [২.২.১] উপপরিচালকের কক্ষের সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | কার্যাদেশ/প্রতিবেদন |
| [৩.১] স্থানীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ ও আয়োজন | [৩.১.১] প্রতিযোগিতার সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | প্রতিযোগিতার আমন্ত্রণপত্র, অংশগ্রহণকারীদের তালিকা ও ছবি |
| [৪.১] প্রশিক্ষণার্থী হোস্টেলের ক্যাবিনেট/আলমিরা সরবরাহ | [৪.১.১] ক্যাবিনেট/আলমিরার সংখ্যা | বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | কার্যাদেশ/প্রতিবেদন |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| প্রশিক্ষণার্থী হোস্টেলের ক্যাবিনেট/আলমিরা সরবরাহ | ক্যাবিনেট/আলমিরার সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন গ্রহণ |
| স্থানীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ ও আয়োজন | প্রতিযোগিতার সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন গ্রহণ |
| প্রশাসন ভবনের সংস্কার (উপপরিচালকের দপ্তরে টাইলস স্থাপন) | উপপরিচালকের কক্ষের সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন গ্রহণ |
| মসজিদ নির্মান ও স্কোয়াশ কোর্ট নির্মান | নির্মানের সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন গ্রহণ |
| দীর্ঘমেয়াদী (৬-৯ বছর) প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত খেলোয়াড়ের সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন গ্রহণ |
| তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও স্বল্প মেয়াদী (৩ মাস) প্রশিক্ষণ প্রদান | স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়ের সংখ্যা | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | মহাপরিচালকের অনুমোদন গ্রহণ |

